

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮৮

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে দিনের ব্যাপারে ব্যক্তি সন্দেহ পোষন করে যে, এটা কি শা'বান মাস নাকি রমযান মাস-সে দিন সিয়াম রাখা নিষেধ

ذِكْرُ الزَّجْرِ عَنْ صَوْمِ الْيَوْمِ الَّذِي يُشَكُّ فِيهِ أَمِنْ شَعْبَانَ هُوَ أُمْ مِنْ رَمَضَانَ

আরবী

3588 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ عَنْ عَمْرِو بْنِ قَيْسٍ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ صِلَةَ بْنِ زُفَرَ قَالَ: كُنَّا عِنْدَ عَمَّارِ بْنِ الْأَحْمَرُ عَنْ عَمْرِو بْنِ قَيْسٍ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ صِلَةَ بْنِ زُفَرَ قَالَ: كُنَّا عِنْدَ عَمَّارِ بْنِ يَاسِرٍ فِي الْيَوْمِ اللَّذِي يُشكُ فِيهِ مِنْ رَمَضَانَ فَأُتِيَ بِشَاةٍ فَتَنَحَّى بَعْضُ الْقَوْمِ فَقَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ فِي الْيَوْمِ اللَّذِي يُشكُ فِيهِ مِنْ رَمَضَانَ فَأْتِيَ بِشَاةٍ فَتَنَحَّى بَعْضُ الْقَوْمِ فَقَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ فِي الْيَوْمِ فَذَا الْيَوْمَ فَقَدْ عَصنى أَبَا القاسم.

الراوي: صِلَة بْن زُفَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3588 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2022).

বাংলা

৩৫৮৮. সিলাহ বিন যুফার থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে রমযান হওয়ার সন্দেহের দিন ছিলাম, অতঃপর তার কাছে একটি ভুনা করা মেষের গোসত আনা হয়। তখন তিনি বলেন, "তোমরা খাও।" এই সময় এক ব্যক্তি দুরে সরে যায় এবং বলেন, "আমি সিয়াম রেখেছি।" তখন আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "যে ব্যক্তি সন্দেহের দিনে সিয়াম রাখে, সে আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাফরমানী করলো।"[1]

ফুটনোট

[1] দারেমী: ২/২; তিরমিযী: ৬৮৬; নাসাঈ: ৪/১৫৩; তাহাবী: ২/১১১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯১৪; দারাকুতনী: ২/১৫৭; হাকিম: ১/৪২৩-৪২৪; সুনান বাইহাকী: ৪/২০৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭২; মুসান্নাফ আব্দুর



রায্যাক: ৭৩১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সিলাহ বিন যুফার (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন